# ২০২১ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: হিসাব বিজ্ঞান

বিষয় কোড: ১৪৬

স্তর: এস.এস.সি

| অ্যাসাইনমেন্ট নম্বর, অধ্যায় ও অধ্যায় শিরোনাম | অ্যাসাইনমেন্ট | শিখনফল/ বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০৩<br><br>তৃতীয় অধ্যায়: দুতরফা দাখিলা পদ্ধতি | দুতরফা এবং একতরফা দাখিলা পদ্ধতির প্রয়োগ<br><br>সহায়ক তথ্য- ১<br>সাবিনা এন্টারপ্রাইজ দুতরফা দাখিলা পদ্ধতি অনুসারে প্রতিটি হিসাব সংরক্ষণ করে থাকে। ২০২০ সালের মে মাসে ব্যবসায় সংঘটিত লেনদেনসমূহ নিম্নরূপ:<br>মে ৫ চেকের মাধ্যমে পণ্য বিক্রয় ১০,০০০ টাকা।<br>মে ১৫ অগ্রিম ভাড়া প্রদান ১২,০০০ টাকা।<br>মে ২২ মালিক ব্যবসায় হতে ৫,০০০ টাকার পণ্য উত্তোলন করল।<br>মে ৩০ ব্যাংক সুদ মঞ্জুর করল ১,০০০ টাকা।<br><br>সহায়ক তথ্য- ২<br>তাওসিফ ব্রাদার্স বিস্তারিত হিসাব সংরক্ষণ করে না। ২০২০ সালের ১ জানুয়ারিতে তার মোট সম্পদ ও দায়ের পরিমাণ যথাক্রমে ৫,৩০,০০০ টাকা ও ২,৯০,০০০ টাকা। উক্ত বছরে মালিক ব্যবসায় আরও ৮০,০০০ টাকা বিনিয়োগ করে এবং ব্যক্তিগত প্রয়োজনে ৬৫,০০০ টাকা উত্তোলন করে। ৩১ ডিসেম্বর ২০২০ তারিখে ব্যবসায় নিম্নোক্ত সম্পদ ও দায়সমূহ ছিল-<br>অফিস সরঞ্জাম ১,৫০,০০০ টাকা; প্রাপ্য হিসাব ৮০,০০০ টাকা; মজুদ পণ্য ৭০,০০০ টাকা; ব্যাংক জমা ৫০,০০০ টাকা; বিনিয়োগ ২,০০,০০০ টাকা; প্রদেয় হিসাব ৫০,০০০ টাকা, ঋণ ২,০০,০০০ টাকা; বকেয়া বেতন ১০,০০০ টাকা। | • দুতরফা দাখিলা পদ্ধতির সুবিধাসমূহ ব্যাখ্যা করতে পারবে।<br>• লেনদেনে জড়িত দুটি পক্ষ অর্থাৎ ডেবিট ও ক্রেডিট পক্ষ সনাক্ত ও চিহ্নিত করতে পারবে।<br>• হিসাবচক্রের বিভিন্ন ধাপ ব্যাখ্যা করতে পারবে।<br>• একতরফা দাখিলার ধারণা নিয়ে ব্যবসায়ের মুনাফা নির্ণয় করতে পারবে। | • দুতরফা দাখিলা পদ্ধতির সুবিধাসমূহ ব্যাখ্যাকরণ।<br>• লেনদেনের ডেবিট ক্রেডিট নির্ণয়।<br>• হিসাবচক্রের ধাপসমূহ বর্ণনাকরণ।<br>• একতরফা দাখিলা পদ্ধতিতে লাভ-ক্ষতি নির্ণয়। | |

মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স)

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/নম্বর | | | | স্কোর |
|---|---|---|---|---|---|
| | ৪ | ৩ | ২ | ১ | |
| ক) দুতরফা দাখিলা পদ্ধতির সুবিধাসমূহ ব্যাখ্যাকরণ | দুতরফা দাখিলা পদ্ধতির ধারণাসহ কমপক্ষে ০৮টি সুবিধা ব্যাখ্যা করলে | দুতরফা দাখিলা পদ্ধতির ধারণাসহ ৬টি বা ৭টি সুবিধা ব্যাখ্যা করলে | দুতরফা দাখিলা পদ্ধতির ধারণাসহ ৪টি বা ৫টি সুবিধা ব্যাখ্যা করলে | দুতরফা দাখিলা পদ্ধতির কমপক্ষে ২টি বা ৩টি সুবিধা লিখলে | |
| খ) সহায়ক তথ্য- ১ ব্যবহার করে লেনদেনের ডেবিট-ক্রেডিট নির্ণয়করণ | ৪টি লেনদেনের ডেবিট-ক্রেডিট নির্ণয় করতে পারলে | ৩টি লেনদেনের ডেবিট-ক্রেডিট নির্ণয় করতে পারলে | ২টি লেনদেনের ডেবিট-ক্রেডিট নির্ণয় করতে পারলে | ১টি লেনদেনের ডেবিট-ক্রেডিট নির্ণয় করতে পারলে | |
| গ) হিসাবচক্রের ধাপগুলোর সংক্ষিপ্ত বর্ণনাকরণ | চিত্রসহ হিসাবচক্রের কমপক্ষে ৮টি ধাপের সংক্ষিপ্ত বর্ণনা করলে | চিত্রসহ হিসাবচক্রের ৬টি বা ৭টি ধাপের সংক্ষিপ্ত বর্ণনা করলে | চিত্রসহ হিসাবচক্রের ৪টি বা ৫টি ধাপের সংক্ষিপ্ত বর্ণনা করলে | কমপক্ষে ৩টি ধাপসহ চিত্র অঙ্কন করলে বা ২টি ধাপের বর্ণনাসহ নাম লিখলে | |
| ঘ) সহায়ক তথ্য-২ ব্যবহার করে একতরফা দাখিলা পদ্ধতিতে লাভ-ক্ষতি নির্ণয় | প্রারম্ভিক মূলধন, সমাপনী মূলধন ও লাভ-ক্ষতির পরিমাণ সঠিক হলে | প্রারম্ভিক মূলধন ও সমাপনী মূলধনের পরিমাণ সঠিক হলে | প্রারম্ভিক মূলধন বা সমাপনী মূলধনের যেকোন একটির পরিমাণ সঠিক হলে | প্রারম্ভিক মূলধন, সমাপনী মূলধন ও লাভ-ক্ষতি নির্ণয়ের যেকোন ২টি সূত্র সঠিক হলে | |
| | | | | মোট- | |

অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর: ১৬

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৩- ১৬ | অতি উত্তম |
| ১১- ১২ | উত্তম |
| ০৮- ১০ | ভালো |
| ০- ০৭ | অগ্রগতি প্রয়োজন |

# ২০২১ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: ব্যবসায় উদ্যোগ

বিষয় কোড: ১৪৩

স্তর: এস.এস.সি

| অ্যাসাইনমেন্ট নম্বর, অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | অ্যাসাইনমেন্ট | শিখনফল/বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৪<br>তৃতীয় অধ্যায়: আত্মকর্মসংস্থান | বাংলাদেশের বেকারত্ব নিরসনে আত্মকর্মসংস্থানের ভূমিকা নিরূপণ | • আত্মকর্মসংস্থানের ধারণা ব্যাখ্যা করতে পারবো<br>• বাংলাদেশের আর্থ-সামাজিক অবস্থা বিবেচনায় আত্মকর্মসংস্থানের উপযুক্ত ও লাভজনক ক্ষেত্রগুলো চিহ্নিত করতে পারবো<br>• আত্মকর্মসংস্থানে উদ্বুদ্ধকরণের উপায়গুলো বর্ণনা করতে পারবো<br>• আত্মকর্মসংস্থানের প্রয়োজনীয়তা বর্ণনা করতে পারবো | • আত্মকর্মসংস্থানের ধারণা<br>• আত্মকর্মসংস্থানের উপযুক্ত ও লাভজনক ক্ষেত্র<br>• আত্মকর্মসংস্থানে উদ্বুদ্ধকরণের উপায়<br>• আত্মকর্মসংস্থানের গুরুত্ব | | |

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/ নম্বর | | | | স্কোর |
|---|---|---|---|---|---|
| | ৪ | ৩ | ২ | ১ | |
| ক. আত্মকর্মসংস্থানের ধারণা | উদাহরণসহ আত্মকর্মসংস্থানের ধারণা সঠিকভাবে ব্যাখ্যা করলে | উদাহরণ ব্যতীত আত্মকর্মসংস্থানের ধারণা সঠিকভাবে ব্যাখ্যা করলে | আত্মকর্মসংস্থানের ধারণা আংশিকভাবে ব্যাখ্যা করলে | আত্মকর্মসংস্থানের শুধু সংজ্ঞা লিখলে | |
| খ. আত্মকর্মসংস্থানের উপযুক্ত ও লাভজনক ক্ষেত্র | আত্মকর্মসংস্থানের উপযুক্ত ও লাভজনক ক্ষেত্রগুলোর নাম ধারাবাহিকভাবে তালিকায় উপস্থাপন করলে | আত্মকর্মসংস্থানের উপযুক্ত ও লাভজনক ক্ষেত্রগুলোর নাম তালিকায় উপস্থপন করলে | আত্মকর্মসংস্থানের উপযুক্ত ও লাভজনক ক্ষেত্রগুলোর নাম আংশিকভাবে তালিকায় উপস্থাপন করলে | আত্মকর্মসংস্থানের উপযুক্ত ও লাভজনক ক্ষেত্রগুলোর মধ্যে ২টি নাম উপস্থাপন করলে | |
| গ. আত্মকর্মসংস্থানের উদ্বুদ্ধকরণে করণীয় | আত্মকর্মসংস্থানের উদ্বুদ্ধকরণে কমপক্ষে ৬টি করণীয় লিখলে | আত্মকর্মসংস্থানের উদ্বুদ্ধকরণে ৫টি করণীয় লিখলে | আত্মকর্মসংস্থানের উদ্বুদ্ধকরণে (৩-৪)টি করণীয় লিখলে | আত্মকর্মসংস্থানের উদ্বুদ্ধকরণে (১-২)টি করণীয় লিখলে | |
| ঘ. আত্মকর্মসংস্থানের গুরুত্ব | উদাহরণসহ আত্মকর্মসংস্থানের গুরুত্ব সবিস্তারে ব্যাখ্যা করলে | উদাহরণসহ আত্মকর্মসংস্থানের গুরুত্ব ব্যাখ্যা করলে | উদাহরণসহ আত্মকর্মসংস্থানের গুরুত্ব সংক্ষেপে ব্যাখ্যা করলে | উদাহরণ ব্যতীত আত্মকর্মসংস্থানের গুরুত্ব সংক্ষেপে ব্যাখ্যা করলে | |
| | | | | মোট- | |
| অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর:১৬ | | | | | |

সঠিকভাবে- ৮০-১০০%, অধিকাংশ- ৬০-৭৯% ও আংশিক- ৫০-৫৯%

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৩-১৬ | অতি উত্তম |
| ১১-১২ | উত্তম |
| ০৮-১০ | ভালো |
| ০-০৭ | অগ্রগতি প্রয়োজন |